



খালেদা জিয়ার বান্ধবী খালেদা রাব্বানীর বাসায় গেলেন প্রধানমন্ত্রী



ছবি: সংগৃহীত

বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ঘনিষ্ঠ বান্ধবী, সাবেক সংসদ সদস্য ও প্রবীণ নেত্রী খালেদা রাব্বানীর বাসায় আকস্মিকভাবে যান প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন তারেক রহমান।

বুধবার (১৭ জুন) মৌলভীবাজারে ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচি শেষ করে তিনি শহরের শাহ মোস্তফা রোডে অবস্থিত খালেদা রাব্বানীর বাসায় যান। সেখানে তিনি তার শারীরিক অবস্থার খোঁজ নেন এবং কিছু সময় কথা বলেন।

এ সময় খালেদা রাব্বানীর চিকিৎসা ও সাম্প্রতিক শারীরিক পরিস্থিতি নিয়ে পরিবারের সদস্যদের সঙ্গে কথা হয় প্রধানমন্ত্রীর। তিনি তার দ্রুত সুস্থতা কামনা করেন।

সাক্ষাতের সময় বিএনপির কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক মিফতাহ সিদ্দিকী, মৌলভীবাজার জেলা পরিষদের প্রশাসক মিজানুর রহমান মিজানসহ স্থানীয় নেতাকর্মী ও কয়েকজন প্রশাসনিক কর্মকর্তা উপস্থিত ছিলেন।

পরে মিফতাহ সিদ্দিকী জানান, রাজনৈতিক ব্যস্ততার মাঝেও এমন সফর দলীয় শিষ্টাচার ও মানবিক সম্পর্কের প্রতিফলন। তার ভাষ্য অনুযায়ী, সাক্ষাতের সময় খালেদা রাব্বানী আবেগাপ্লুত হয়ে পড়েন এবং পুরোনো দিনের রাজনৈতিক স্মৃতি তুলে ধরেন। একপর্যায়ে পারিবারিক পরিবেশে কিছু সময় কথাবার্তাও হয়।

স্থানীয় বিএনপি নেতাদের মতে, দীর্ঘদিনের রাজনৈতিক সম্পর্ক ও ব্যক্তিগত পরিচয়ের কারণে এ সাক্ষাৎ স্বাভাবিকভাবেই আবেগঘন হয়ে ওঠে।

উল্লেখ্য, খালেদা রাব্বানী মৌলভীবাজারের রাজনীতিতে দীর্ঘদিন সক্রিয় ছিলেন এবং বর্তমানে বয়সজনিত অসুস্থতার কারণে চিকিৎসাধীন আছেন।